



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
প্লট-এফ ১/এ, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
(কর প্রশাসন-২ শাখা)  
www.nbr.gov.bd



স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০২০.১১.০০০২.২৬.৪১

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০৩ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: কর পরিদর্শক পদে পদোন্নতির নিমিত্ত স্নাতক বা সমমানের শিক্ষাগত যোগ্যতার প্রতিশনাল/মূল সার্টিফিকেট এর মূল কপি, মূল সার্ভিস বহি এবং ০৫ (পাঁচ) বছরের এসিআরসহ অন্যান্য তথ্যাদি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কর পরিদর্শক পদে পদোন্নতির লক্ষ্যে প্রধান সহকারী/উচ্চমান সহকারী, স্টাটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, ব্যক্তিগত সহকারী ও স্টাট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদের যে সকল কর্মচারী বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ ও পদোন্নতিযোগ্য তাঁদের স্নাতক বা সমমানের শিক্ষাগত যোগ্যতার প্রতিশনাল/মূল সার্টিফিকেট এর মূল কপি, মূল সার্ভিস বহি, ০৫(পাঁচ) বছরের (২০২০ হতে ২০২৪) এসিআর বা আংশিক এসিআর এর ব্যাখ্যাসহ স্থায়ীকরণের আদেশ, দুর্নীতি/বিভাগীয় মামলা আছে কি না সে বিষয়ে সংশ্লিষ্ট মহাপরিচালক/কর কমিশনার অফিস হতে প্রত্যয়নপত্র, বিভাগীয় পরীক্ষার পাশ এর প্রমাণক (সত্যায়িত কপি ১ সেট) আগামী ০৯/০৩/২০২৬খ্রিঃ তারিখের মধ্যে দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২), জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য, ইতোপূর্বে যে সকল কর্মচারীর ২০২৩ খ্রিঃ পর্যন্ত সময়ের এসিআর বা আংশিক এসিআর এর ব্যাখ্যা জাতীয় রাজস্ব বোর্ড-এ প্রেরণ করা হয়েছে শুধুমাত্র উক্ত কর্মচারীগণের ২০২৪ খ্রিঃ এর এসিআর বা আংশিক এসিআর এর ব্যাখ্যা প্রেরণ করতে হবে।

৩। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের মহাপরিচালক/কর কমিশনারগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩-০৩-২০২৬  
মোঃ আনিসুল ইসলাম  
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/বিসিএস কর একাডেমী, ঢাকা/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। কর কমিশনার, কর অঞ্চল- ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা।
- ৩। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম।
- ৪। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরিপ অঞ্চল, বাংলাদেশ, ঢাকা।
- ৫। কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/নারায়ণগঞ্জ/বগুড়া/কুমিল্লা/নরসিংদী/কক্সবাজার/যশোর/নোয়াখালী/কুষ্টিয়া/দিনাজপুর/ফরিদপুর এবং

৬। কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী।

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০২০.১১.০০০২.২৬.৪১/১ (১)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০৩ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। প্রথম সচিব, কর প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এবং
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



০৩-০৩-২০২৬

মোঃ আনিসুল ইসলাম

দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)